CAREER STUDY
The Learning App

2024/FYUG/EVEN/SEM/
BNGDSC-152T/102

# FYUG Even Semester Exam., 2024

## BENGALI

**( 2nd Semester )**

Course No. : BNGDSC-152T

( মধ্যযুগের সাহিত্য পাঠ )

*পূর্ণমান : ৭০*

*উত্তীর্ণমান : ২৮*

*সময় : ৩ ঘণ্টা*

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

CAREER STUDY
The Learning App

## বিভাগ—ক

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের আবিষ্কর্তা কে? এই কাব্যের কবি কোন্ দেবতার উপাসক ছিলেন?

২। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কোন্ শতকের রচনা বলে পণ্ডিতেরা অনুমান করেন? এতে কয়টি খণ্ড রয়েছে?

৩। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কোন্ খণ্ডে কৃষ্ণ ও রাধার জন্মকথা বিবৃত হয়েছে? কৃষ্ণের প্রণয়প্রস্তাব নিয়ে রাধার কাছে কে গিয়েছিলেন?

CAREER STUDY
The Learning App



৪। "সই কে বা শুনাইলে শ্যাম নাম"—এই পদটির রচয়িতা কে? এটি কোন্ পর্যায়ের কবিতা?

৫। চৈতন্য-পরবর্তী দুজন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

৬। "কণ্টক গাড়ি কমলসম পদতল"—এটি কোন্ পর্যায়ের পদ? এটির রচয়িতা কে?

৭। চাঁদ সদাগরের নিবাস কোথায়? বেহুলার পিতার নাম কী?

৮। মুকুন্দ চক্রবর্তীর 'কবিকঙ্কণ চণ্ডী' কাব্যের খণ্ড দুটি কী কী?

৯। বারোমাস্যা বলতে কী বোঝ?

১০। 'রামায়ণ-মহাভারত' কী ধরনের কাব্য? 'মহাভারত'-এ মোট কয়টি পর্ব রয়েছে?

১১। মৎস্যদেশের রাজার নাম কী? তাঁর রাজ্যে অজ্ঞাতবাস পর্বে ভীমের নাম কী ছিল?

১২। "এত শুনি কৃষ্ণা তবে বলে সুদেষ্ণারে"—কৃষ্ণা ও সুদেষ্ণার পরিচয় দাও।

১৩। রামপ্রসাদ সেন কোন্ শতাব্দীর কবি? তাঁর রচিত গানগুলি কী নামে পরিচিত?

১৪। উমার পিতামাতার নাম লেখো।





১৫। "এবার মায়ে ঝিয়ে করবো ঝগড়া, জামাই বলে মানব না।" বক্তা কে? 'জামাই'-এর পরিচয় কী?

## বিভাগ—খ

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

১৬। "'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের অন্যতম গুণ আখ্যানের নাটকীয়তা।" তোমার পাঠ অভিজ্ঞতার আলোকে মন্তব্যটি পর্যালোচনা করো।

১৭। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পাঠ্য অংশ অবলম্বনে শ্রীরাধা চরিত্রটি আলোচনা করো।

১৮। পূর্বরাগের সংজ্ঞা দাও। এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কবিকৃতির পরিচয় দাও। ২+৮=১০

CAREER STUDY The Learning App

১৯। মাথুর বলতে কী বোঝ? মাথুরের পদগুলি অবলম্বনে বিরহিণী রাধার চালচিত্র অঙ্কন করো। ২+৮=১০

২০। 'মনসামঙ্গল' কাব্যের 'সদাগরের সিংহলযাত্রা' অধ্যায় অবলম্বনে চাঁদ সদাগরের বাণিজ্যকর্মের সংক্ষিপ্ত বর্ণনা দিয়ে এই বাণিজ্যযাত্রার পরিণাম কী হয়েছিল তা নিজের ভাষায় লেখো।

২১। 'কবিকঙ্কণ চণ্ডী'র 'পশুগণের রোদন' অধ্যায়ে মুকুন্দ চক্রবর্তীর সমাজভাবনার যে পরিচয় ফুটে উঠেছে সে বিষয়ে আলোচনা করো।

২২। কাশীরাম দাসের 'মহাভারত'-এর বিরাট পর্ব অনুসরণে ছদ্মবেশী পঞ্চপাণ্ডবের বিরাট রাজসভায় আশ্রয়গ্রহণের বিবরণ দাও।

CAREER STUDY
The Learning App



২৩। পাঠ্য কাব্যাংশ অবলম্বনে যুদ্ধ বর্ণনায় কাশীরাম দাসের কৃতিত্ব আলোচনা করো।

২৪। 'শাক্তপদাবলি'র আগমনী ও বিজয়া পর্যায়ের পদগুলিতে বাঙালির গার্হস্থ্য জীবনরসের যে পরিচয় ফুটে উঠেছে সে বিষয়ে আলোচনা করো।

২৫। বিজয়া পর্যায়ের পদগুলিতে মাতৃহৃদয়ের যে হাহাকার বিধৃত হয়েছে, উদাহরণ সহযোগে তার পরিচয় দাও।

***

CAREER STUDY
The Learning App